

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৫.২৫৬—চাঁপাইনবাবগঞ্জের জেলা প্রশাসক জনাব
মোঃ জাহিদুল ইসলাম গত ১৭ অক্টোবর ২০১৬ তারিখে ইতেকাল করেন (ইমালিল্লাহে ... রাজিউন)।
মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর।

২। সুন্দীর্ঘ ২২ বছর দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে
নিয়োজিত জনাব মোঃ জাহিদুল ইসলামের পেশাদারিতমূলক অবদান শুন্দর সঙ্গে স্মরণ, তাঁর মৃত্যুতে
গভীর শোক প্রকাশ ও মরহমের বৃহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের
সদস্যদের প্রতি আত্মিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৯ কার্তিক ১৪২৩/২৪ অক্টোবর ২০১৬
তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৫৪৮৭)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৯ কার্তিক ১৪২৩
ঢাকা:
২৪ অক্টোবর ২০১৬

চাঁপাইনবাবগঞ্জের জেলা প্রশাসক জনাব মোঃ জাহিদুল ইসলাম গত ১৭ অক্টোবর ২০১৬ তারিখে ইন্টেকাল করেন (ইমালিল্লাহে রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর।

জনাব মোঃ জাহিদুল ইসলাম ২৫ এপ্রিল ১৯৬৮ তারিখে গোপালগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। প্রাতিষ্ঠানিক শিক্ষাজীবনে স্কুল ও কলেজের পাঠ শেষে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি সাহিত্যে স্নাতকোত্তর, খুলনা বিশ্ববিদ্যালয় হতে এম.বি.এ এবং চীনের পিকিং বিশ্ববিদ্যালয় হতে এম.পি.পি ডিপ্রি অর্জন করেন। জনাব জাহিদুল ইসলাম ২৫ এপ্রিল ১৯৯৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে ১৩তম ব্যাচে যোগদান করেন।

জনাব জাহিদুল ইসলাম কর্মজীবনে মাঠপ্রশাসন, ভূমি মন্ত্রণালয়সহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মরত ছিলেন। সর্বশেষ তিনি গত ২৬ জানুয়ারি ২০১৬ তারিখে চাঁপাইনবাবগঞ্জের জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন।

মেধাবী এই কর্মকর্তা সুদীর্ঘ ২২ বছর দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছিলেন। তিনি একজন বিনয়ী, কর্তব্যপরায়ণ ও সদাচারী ব্যক্তি ছিলেন। রাজশাহী বিভাগীয় জেলা প্রশাসক সম্মেলনে অংশগ্রহণরত অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

মন্ত্রিসভা প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত জনাব মোঃ জাহিদুল ইসলামের পেশাদারিতমূলক অবদান শুন্দর সঙ্গে স্মরণ এবং তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহমের রূহের মাগফিরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd